

## কার্যবিবরণী

২০২০-২১ অর্থ বছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভা।

স্থান: অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ: ১০/৬/২০২১।

সময়:সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর:

ক্রম	নাম	পদবী	স্বাক্ষর
১.	মোহাম্মদ জালাল উদ্দিন সরকার	মনিটরিং অফিসার, তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প ও সদস্য ২০২০-২১ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি	
২.	মোহাম্মদ কাজী মজিবুর রহমান	উপপরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয় ও সদস্য সচিব ২০২০-২১ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি	
৩.	দিলীপ কুমার অধিকারী	অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল ও আহবায়ক ২০২০-২১ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি	

সভার শুরুতে অতিরিক্ত পরিচালক ও আহবায়ক শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি জনাব দিলীপ কুমার অধিকারী সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন শুদ্ধাচার পুরস্কার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে সরকারের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। তিনি জানান বিগত ১১ মে, ২০২১ তারিখে পুরস্কার প্রদানের নিমিত্তে আবেদন আহবান করা হয়। ইতোমধ্যে প্রাপ্ত আবেদনগুলো উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন।

সদস্য সচিব ও উপপরিচালক, অত্র কার্যালয় জানান, তিন ক্যাটাগরিতে এ পর্যন্ত ছয়টি আবেদন পাওয়া গিয়েছে। আবেদনপত্রগুলো হলো:

ক্রম	নাম	পদবী ও কর্মস্থল	ক্যাটাগরী
১.	জনাব মোঃ ফরিদুল হাসান	উপপরিচালক, সুনামগঞ্জ জেলা	জেলা কার্যালয়ের প্রধান
২.	জনাব মোঃ সালাহ উদ্দিন	উপপরিচালক, সিলেট জেলা	জেলা কার্যালয়ের প্রধান
৩.	জনাব কাজী লুৎফুল বারী	উপপরিচালক, মৌলভী বাজার জেলা	জেলা কার্যালয়ের প্রধান
৪.	জনাব মোঃ তমিজ উদ্দিন খান	উপপরিচালক, হবিগঞ্জ জেলা	জেলা কার্যালয়ের প্রধান
৫.	জনাব মোহাম্মদ জাকারিয়া	উপসহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি অফিস, বিশ্বনাথ, সিলেট) সংযুক্ত অত্র কার্যালয়	গ্রেড ১০- গ্রেড ৫
৬.	জনাব মোহাম্মদ কুদরত আলী	প্রধান সহকারী অতিরিক্ত পরিচালকের কার্যালয়, সিলেট	গ্রেড ১১- গ্রেড ২০

মূল্যায়ন: অতিরিক্ত পরিচালক মহোদয় এপ্রিল ৬, ২০১৭ সালে প্রকাশিত গেজেটে উল্লেখিত ৪ নং ক্রমিক অনুযায়ী ১৮ টি সূচকে ৯০ এবং ১৯ নং সূচকে ১০ মোট ১০০ নম্বরের মধ্যে মূল্যায়ন করার জন্য সদস্যদের নম্বর শীট প্রদান করেন। প্রাপ্ত আবেদন পত্র এবং প্রমাণকগুলো বিবেচনা করে তিন ক্যাটাগরিতে ছয়জনের মূল্যায়ন করা হয়। তাদের প্রাপ্ত নম্বর টেবিলে উল্লেখ করা হয়েছে।

ক্রম	নাম	প্রাপ্ত নম্বর
১.	জনাব মোঃ ফরিদুল হাসান	৮০
২.	জনাব মোঃ সালাহ উদ্দিন	৮০
৩.	জনাব কাজী লুৎফুল বারী	৮৮
৪.	জনাব মোঃ তমিজ উদ্দিন খান	৮৪
৫.	জনাব মোহাম্মদ জাকারিয়া	৮১
৬.	জনাব মোহাম্মদ কুদরত আলী	৮০

গেজেটে উল্লেখিত ৪ নং ক্রমিক অনুযায়ী তিনটি ক্যাটাগরিতে ছয়জনের প্রাপ্ত নম্বর বিবেচনায় সকলেই ৮০ নম্বর এবং উর্ধ্বে পাওয়ায় পুরস্কার পাওয়ার যোগ্য বিবেচিত হয়। উল্লেখ্য ৮০ নম্বরের নিচে হলে পুরস্কার পাওয়ার অযোগ্য বিবেচিত হবে। জেলা কার্যালয়ের প্রধানগণের মধ্যে জনাব মোঃ লুৎফুল বারী, উপপরিচালক, মৌলভীবাজার সর্বোচ্চ ৮৮ নম্বর পেয়েছেন। দ্বিতীয় সর্বোচ্চ নম্বর পেয়েছেন জনাব মোঃ তমিজ উদ্দিন খান, উপপরিচালক, হবিগঞ্জ জেলা ৮৪ নম্বর এবং যৌথভাবে তৃতীয় হয়েছেন জনাব মোঃ সালাহ উদ্দিন, উপপরিচালক, সিলেট জেলা এবং জনাব মোঃ ফরিদুল হাসান উপপরিচালক, সুনামগঞ্জ জেলা। তাদের প্রাপ্ত নম্বর ৮০।

শ্রেণী ১০- শ্রেণী ৫ ক্যাটাগরিতে জনাব মোহাম্মদ জাকারিয়া উপসহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি অফিস, বিশ্বনাথ, সিলেট) সংযুক্ত অত্র কার্যালয় পেয়েছেন ৮১ নম্বর। এই ক্যাটাগরিতে আবেদন করেছেন একজন।

শ্রেণী ১১- শ্রেণী ২০ ক্যাটাগরিতে জনাব মোহাম্মদ কুদরত আলী, প্রধান সহকারী, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, সিলেট পেয়েছেন ৮০। এ ক্যাটাগরিতেও আবেদন করেছেন একজন।

সিদ্ধান্ত: উপরোক্ত আবেদনের সাথে সংযুক্ত প্রমাণক এবং প্রাপ্ত নম্বরের প্রেক্ষিতে নিম্নলিখিত তিনজনকে পুরস্কার প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	নাম	পদবী	ক্যাটাগরী
১.	জনাব কাজী লুৎফুল বারী মূল বেতন ৭১২০০.০০	উপপরিচালক, মৌলভী বাজার জেলা	জেলা কার্যালয়ের প্রধান
২.	জনাব মোহাম্মদ জাকারিয়া মূল বেতন ১৭৬৪০.০০	উপসহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি অফিস, বিশ্বনাথ, সিলেট) সংযুক্ত অত্র কার্যালয়	শ্রেণী ১০- শ্রেণী ৫
৩.	জনাব মোহাম্মদ কুদরত আলী মূল বেতন ১৮৮৬০.০০	প্রধান সহকারী অতিরিক্ত পরিচালকের কার্যালয়, সিলেট	শ্রেণী ১১- শ্রেণী ২০

এপ্রিল ৬, ২০১৭ সালে প্রকাশিত গেজেটে উল্লেখিত ক্রমিক ৭ অনুযায়ী পুরস্কার হিসাবে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।

আর কোন আলোচনা না থাকায় অতিরিক্ত পরিচালক ও আহবায়ক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



দিলীপ কুমার অধিকারী  
অতিরিক্ত পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল ও  
আহবায়ক

২০২০-২১ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি